

# দৈনিক ইত্তেফাক

প্রতিষ্ঠাতা ওয়াজেদুল হোসেন মাসিক মিয়া

## জবি ছাত্রলীগের দুই গ্রুপে সংঘর্ষ, আহত ৪



২৬ জুলাই, ২০১৮ ইং ০০:০০ মিঃ

জবি সংবাদদাতা

তুচ্ছ ঘটনাকে কেন্দ্র করে জগন্নাথ বিশ্ববিদ্যালয় (জবি) ছাত্রলীগের দুই গ্রুপের সংঘর্ষে সাংবাদিকসহ কমপক্ষে ৪ জন আহত হয়েছে। গতকাল বুধবার দুপুরে ক্যাম্পাসে এ ঘটনা ঘটে। জানা যায়, এক তরুণীকে প্রেমের প্রস্তাব দেওয়া নিয়ে বুধবার বিকাল ৩টায় সভাপতি গ্রুপের এক ছেলেকে মারধর করে সাধারণ সম্পাদক গ্রুপের জুনিয়র কর্মীরা। এ ঘটনার প্রেক্ষিতে দুই গ্রুপ সংঘর্ষে জড়িয়ে পড়ে। সংঘর্ষে আহত হন সাধারণ সম্পাদক গ্রুপের কর্মী নাহিদ। পরে সাধারণ সম্পাদক শেখ জয়নুল আবেদীন রাসেলের কর্মীরা জবি ছাত্রলীগের সভাপতি তরিকুল ইসলামের কর্মীদের ওপর হামলা করে। এ ঘটনায় ক্যাম্পাসে আতঙ্ক ছড়িয়ে পড়ে। পরিস্থিতি নিয়ন্ত্রণে ক্যাম্পাসে অতিরিক্ত পুলিশ মোতায়েন করা হয়। পরে বেলা ৪টার দিকে সভাপতি গ্রুপের কর্মী শরীফুল ইসলাম শিমুল ও তার বন্ধু দৈনিক ইনকিলাবের বিশ্ববিদ্যালয় সংবাদদাতা নাইমুর রহমান নাবিল ক্যাম্পাস থেকে বাসায় ফেরার সময় বাহাদুর শাহ পার্কের সামনে সাধারণ সম্পাদকের গ্রুপের কর্মীরা তাদের ওপর হামলা চালায়। আহত শিমুল ও নাবিলকে উদ্ধার করে স্থানীয় একটি বেসরকারি হাসপাতালে প্রাথমিক চিকিৎসা দেয়া হয়। এ প্রসঙ্গে বিশ্ববিদ্যালয়ের প্রক্টর ড. নুর মোহাম্মদ বলেন, লিখিত অভিযোগ দিলে অভিযুক্তদের বিরুদ্ধে ব্যবস্থা নেয়া হবে।

ভারপ্রাপ্ত সম্পাদক: তাসমিমা হোসেন।

ইত্তেফাক গ্রুপ অব পাবলিকেশন্স লিঃ-এর পক্ষে তারিন হোসেন কর্তৃক ৪০, কাওরান বাজার, ঢাকা-১২১৫ থেকে প্রকাশিত ও মুহিবুল আহসান কর্তৃক নিউ নেশন প্রিন্টিং প্রেস, কাজলারপাড়, ডেমরা রোড, ঢাকা-১২৩২ থেকে মুদ্রিত।

© প্রকাশক কর্তৃক সর্বস্বত্ব সংরক্ষিত